দৈনিক বাংলা ৭১

তারিখ 08 JUL 1995
পৃষ্ঠা ৩ কলাম ২

# অংক ও বিজ্ঞানে ছেলেরা ভাল

ওয়াশিংটন, ৭ জুলাই (এপি)।– আমেরিকায় অংকে ও বিজ্ঞানে ছেলেরা মেয়েদের চেয়ে ভাল করছে। তাদের মধ্যে ব্যবধানের অনুপাত হচ্ছে ৭ঃ১। তবে লেখা ও পড়ায় মেয়েরা এগিয়ে রয়েছে। ত্রিশ বছরের ফলাফলের উপর এক জরিপে এ তথ্য জানা যায়।

শিকাগো বিশ্ববিদ্যালয়ে এক গবেষণায় দেখা যায়, গত তিন দশক ধরে ছেলেমেয়েদের ফলাফলের গড় প্রায় অনুরূপ। তবে ছেলেরা ক্রমশ নিচের দিকে চলে আসছে।

শিকাগো বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক লেরী হেজেজ বলেছেন, শিক্ষার ক্ষেত্রে ছেলেমেয়েদের মধ্যে ব্যবধান কমিয়ে আনার চেষ্টা সামান্যই সফল হয়েছে।